শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো



গোলক ধাঁধা



সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

				5	1	7		2
6			4					1
		4			9			
	8		2					7
2		3	1		5	9		4
5					6		3	
			5			3		
3					7			9
7		2	3	6				

গতকালের সমাধান

9	7	3	2	8	1	6	5	4
6	1	5	3	7	4	9	2	8
2	8	4	5	9	6	7	3	1
3	6	7	8	4	9	2	1	5
1	9	2	6	3	5	4	8	7
4	5	8	7	1	2	3	6	9
5	4	6	9	2	8	1	7	3
7	2	1	4	5	3	8	9	6
8	3	9	1	6	7	5	4	2

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৬ ডিগ্রি ও ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৬ ডিগ্রি ও ১৪ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।২৪, **সূর্যাস্ত:** ঘ ৫।০৩ **জোয়ার:** সকাল : ৭.১৩। **ভাঁটা:** দুপুর : ২.০৩।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	67.7884
INR / 1 Euro	71.5574
INR / 100 Jap. YEN	58.3300
INR / 1 Pound Sterling	83.7051

শেয়ারসূচক

BSE	26,878.24▲	(+245.11)
NIFTY	8,273.80 ▲	(+83.30)

শব্দলিপি- ৮৪৩



উদয় হাজরা

পাশাপাশি ঃ ১। রোজদিনের ৩। '— কুলের বউ গো তুমি' ৬। রসাল ৮। বাস না শূন্য ১০। মানুষের মাস ১২। 'তুমি — রূপে এসো প্রাণে' ১৪। কাঁঠাল ১৫। দেবতাদের ধাম

উপরনীচ ঃ ১। বিধিপদ্ধতি ২। পণ্য উৎপাদনের স্থান ৪। সেহই আত্মা ৫। নগরের মানুষ ৭। সংখ্যায় অল্প ৯। '— দিন দিন' ১১। ধনবান ১৩। বিবরণ

সমাধান ঃ শব্দলিপি - ৮৪২

পাশাপাশি ঃ ১। হাকিম ৩। অথবা ৫। কাবিল ৭। গন্ধকবর ৮। আপন জন ৯। পনস ১১। ব্যঞ্জন ১২। কম্বল

উপরনীচ ঃ ১। হালকা ২। মঙ্গল ৩। অনুরণন ৪। বাহুল্যবর্জন ৬। বিরূপ মন্তব্য ৭। গজগমন ৯। পলক ১০। সম্বল

লিলুয়ায় কারখানায় আগুন

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: হাওড়ায় আগুন লাগা নিয়ে অনেক চর্চাই হয়েছে। বেশ কিছুদিন আগে হাওড়ার বিভিন্ন জায়গায় পরপর আগুন লেগেছিল। ব্যাপারটাকে অনেকে কাকতালীয় মত পোষণ করেছিল। এক্ষেত্রে অনেকেই অসতর্ক মনোভাবকেই দায়ী করেছিল। তবে সেই সব ঘটনার ঘটার পর হাওড়ার বেশ কিছু জায়গায় প্রশাসনিক তৎপরতায় আগুন লাগার ঘটনা ঘটেনি বললেই চলে। তারপর ফের আবার আগুন লাগায় আতঙ্ক হাওড়া জেলায়। হাওড়ার লিলুয়ার গোসালা রোডে একটি কারখানায় আগুন লেগে যায়। বুধবার রাত সাড়ে ১১টার সময় সেই কারখানায় আগুন লাগে।

কারখানার একটি অংশ আগুন লাগার ফলে ক্ষতিগ্রস্ত হয়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে দমকলের ৩টি গাড়ি। যুদ্ধকালীন তৎপরতায় দমকল কর্মীরা আগুন নেভাতে ব্যস্ত হয়ে পড়ে। দু'ঘণ্টার চেষ্টায় দমকল কর্মীরা আগুন নেভাতে সক্ষম হয়। এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খবর নেই। শর্টসার্কিট থেকেই এই আগুন লেগেছে বলেই প্রাথমিক অনুমান দমকলের। তবে এই অগ্নিকাণ্ডের প্রকৃত কারণ কী তা খতিয়ে দেখছে দমকল।

ভাগ্যলিপি

মেষ

প্রতিবেশীর মধ্যস্থতায় পরিবারে মনোমালিন্যের সম্ভাবনা। পরিবারের সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধান।

বৃষ

সপরিবারে দুই তিনদিনের জন্য কাছেপিঠে ভ্রমণের সম্ভাবনা। কিন্তু গণেশের সতর্কবাণী আপনার পরিকল্পনা বদলান।

মিথুন

নিকটতাত্মীয় বা বন্ধুবান্ধবের কঠিন সময়ে পাশে দাঁড়াবেন। আর্থিক সাহায্যদানের মাধ্যমে মানসিক তৃপ্তি।

কর্কট

বন্ধু মহলে বা কর্মক্ষেত্রে বন্ধু বা সহকর্মীর প্ররোচনায় উত্তেজিত হবেন না।

সিংহ

আপনার চেনাগণ্ডিতে সাফল্যের সঙ্গে কাজ করে সুফল লাভ করবেন এবং উচ্চপ্রশংসিত হবেন।

কন্যা

পরিবার ও সন্তান সন্ততির সঙ্গে আমোদপ্রমোদের মাধ্যমে দিনটি কাটবে।

তুলা

নতুন কোন সম্পর্ক তৈরি হতে পারে। বিবাহের যোগাযোগ তৈরি হতে পারে। নতুন মানুষের সঙ্গে সাক্ষাতে বিশেষ জ্ঞান লাভ।

বৃশ্চিক

কোন নতুন প্রকল্প চালু করার জন্য আজকের দিনটি ভাল। গৃহনির্মাণ বা গৃহসজ্জার কাজে অগ্রণী ভূমিকা।

ধনু

আর্থিক দিক থেকে সমস্যা গ্রাস করবে। অনাকাঙ্খিত বহু ব্যয়ে চিন্তার বিষয় হবে।

মকর

কর্মক্ষেত্রে জটিলতা কাটাতে কোনও জ্ঞানী ব্যক্তির পরামর্শ নিন। কঠোর শ্রম ও ধৈর্য সাফল্যের চাবিকাঠি।

কুম্ভ

আজ আর্থিকভাবে ঠিকঠাক জায়গায় থাকবেন। ব্যবসায় প্রতিযোগিতা চরমে উঠবে। প্রত্যাশিত সাফল্য অধরা।

মীন

আপনার প্রতি অন্যদের যে আশা, তা পরিপূর্ণ হবে আজ। সহকর্মীদের সঙ্গে মিলিতভাবে কাজ করে সাফল্য লাভ।

পথদুর্ঘটনা এড়াতে তৎপর দক্ষিণ ২৪ পরগনা জেলা পুলিশ

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : সড়ক দুর্ঘটনা এড়াতে মুখ্যমন্ত্রীর নির্দেশে এবার কঠোর পদক্ষেপ নিল রাজ্য পুলিশ। সেই সঙ্গে দক্ষিণ ২৪ পরগনা জেলাজুড়েও শুরু হয়েছে পুলিশ অভিযান। বিশেষ করে হাইওয়েগুলির বিভিন্ন জায়গায় চেকপোস্ট বসানো হয়েছে। ইতিমধ্যেই সুন্দরবন পুলিশ জেলা গঠন হয়েছে বারুইপুর, ডায়মন্ড হারবার, কাকদ্বীপ এই তিনটি জায়গায়। এসপিরা কাজ শুরু করেছেন। জয়নগর এলাকায় পুলিশ চেকিং যেমন শুরু হয়েছে সেরকম ১১৭ নং জাতীয় সড়কেও বিশেষ চেকিং চলছে। নেতৃত্বে উচ্চপদস্থ পুলিশ আধিকারিকরা। এইরকম একটা জায়গায় দেখা গেল মোটর বাইকে হেলমেটহীন আরোহী। কারও আবার কোনও কাগজপত্র নেই। এরকম বেশ কিছু বাইক, ছোট গাড়ি চেকিং করা হয়েছে। কোথাও ফাইন, আবার কাউকে সতর্ক করে ছেড়ে দেওয়া হয়েছে। দক্ষিণ ২৪পরগনা জেলা গুরুত্বপূর্ণ জেলা। ১১৭ নং জাতীয় সড়কেও বিশেষ নজরদারি চালানো হচ্ছে। উল্লেখ্য, মুখ্যমন্ত্রীর সেফ ড্রাইভ, সেভ লাইফের মাধ্যমে ইতিমধ্যেই জনগণকে সচেতন করার কাজ হয়েছে। পুলিশ প্রশাসনের আশা এবারে মানুষ আরও বেশি সচেতন হবেন।

দোগাছিয়া গ্রাম পঞ্চায়েতে উন্নয়ন নিয়ে ক্ষোভ থাকলেও এলাকাবাসীর ভরসা শাসকদল

নিজস্ব সংবাদদাতা,নদিয়া : পূর্বস্থলী ১ ব্লকের অন্তর্গত দোগাছিয়া গ্রাম পঞ্চায়েত তৃণমূলের দখলে থাকলেও উন্নয়ন নিয়ে ক্ষোভ রয়েছে নিজের দলের কর্মী-সমর্থকদের মধ্যেই। তবুও এলাকাবাসীর ভরসা শাসকদলের প্রতিই। শাসকদলের কর্মী-সমর্থকরাই এলাকার মানুষের সঙ্গে যোগাযোগ করে থাকেন তাই আপদে-বিপদে ভরসা তৃণমূল দল। এই রকমটাই এলাকায় কান পাতলে শোনা যায়। এই পঞ্চায়েতের দাপুটে তৃণমূলের নেতা প্রণব রায়চৌধুরী এখনও এলাকার জন্য প্রাণপন কাজ করে যান।প্রাক্তন পঞ্চায়েত প্রধান তবুও এলাকার মানুষের মণি প্রণব রায়চৌধুরী সব সময় এলাকার উন্নয়ন নিয়ে লড়াই করে থাকেন বলে নেতাদের কাছে একটু খারাপ নজরেও পড়তে হয়। কিন্তু তিনি বলেন যে উন্নয়নের জন্য তিনি লড়াই করে যাবেনই। কিন্তু তিনি সত্যি কথা সামনাসামনি বলতেই ভালবাসেন বলে জানিয়েছেন। এই পঞ্চায়েতের প্রধান অশোক কুমার দাস পঞ্চায়েতের উন্নয়নের খতিয়ান দিয়ে জানিয়েছেন যে রাজ্যে সিপিএম ৩৪ বছর আর পঞ্চায়েতে ২৫ বছর থাকলেও এলাকার জন্য কোনওরকম কাজ করে যায়নি। যা কাজ আমরা এসে করেছি। বাম আমলে এলাকায় কাজ হলে আরও বেশি করে কাজ করাতে পারতাম এলাকার জন্য। আগে এলাকার মানুষ হেঁটেও গ্রাম থেকে পার হতে পারতেন না। আজ অনেকটাই পাকা রাস্তার উপর দিয়ে যাতায়াত করতে পারেন। জল সংকট মেটাতে ২টি বসেছে পিএইচই। জলের ধারা নেই। পরিস্রুত পানীয় জলের জলের কল আছে। ১৫ লক্ষ টাকা খরচ করে কাজটি করা হয়েছে। বার্ধক্যভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও মৎস্য ভাতা মোট আছে ৮৯৭ জন প্রাপক। অঙ্গনওয়াড়ি কেন্দ্র আছে ৩৭টি। এর মধ্যে ২০টিতে নিজস্ব ঘর তৈরি করা হয়েছে। জমির অভাবে কেন্দ্রের নিজস্ব ঘর তৈরি করা যাচ্ছে না। ঢালাই রাস্তা ও পাকা রাস্তা মাত্র ২০ শতাংশ। বাকি রয়েছে ৮০ শতাংশ। যদিও প্রধান অশোক দাস জানিয়েছেন, যে তাদের গ্রাম পঞ্চায়েতে রাস্তা রয়েছে ৯০ কিমি। বিধায়ক উন্নয়ন তহবিল থেকে অর্থ নিয়ে রাস্তার কাজ করা হয়েছে। সাংসদ উন্নয়নের তহবিল থেকে অর্থ পাওয়া গেছে মাত্র ৬ লক্ষ টাকা। গ্রাম পঞ্চায়েতের নিজস্ব একটি অ্যাম্বুল্যান্স রয়েছে। রয়েছে মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়। কিন্তু দাবি উঠেছে, মীনা জুনিয়র স্কুল ও সোনারুদ্র জুনিয়র স্কুলকে মাধ্যমিক করার। এছাড়াও গোকর্ণ, কচুমোড়া থেকে মথপুর পর্যন্ত ও গোকর্ণ থেকে নপাড়া পর্যন্ত আবার কচুয়া থেকে সেনারুদ্ধ ফেরিঘাট পর্যন্ত রাস্তার দরকার। কিন্তু রাস্তা না হওয়ায় চরম দুর্ভোগে পড়ছেন এলাকার বাসিন্দারা। অশোক দাস আরও বলেন, সাড়ে চার বছরে যা উন্নয়ন হয়েছে সেটাকে হাতিয়ার করেই আগামী পঞ্চায়েত নির্বাচনে লড়বেন। এলাকার মানুষ তাদেরকেই ফের ক্ষমতায় বসাবেন। সাড়ে চার বছরে একশো দিনের প্রকল্পে খরচ করা হয়েছে সাড়ে পাঁচ কোটি টাকা। তবে বর্তমানে একশো দিনের কাজে বাকি রয়েছে প্রায় ৪৫ লক্ষ টাকা পাওনা রয়েছে। মোট ১৯ জন সদস্যের আসনে তৃণমূলের সদস্য সংখ্যা রয়েছে ১২ জন। একজন রয়েছে বিজেপি'র। আর সিপিএমের সদস্য সংখ্যা রয়েছে ৬ জন। তবুও পঞ্চায়েত প্রধান অশোক দাস বলেন, গত সাড়ে চার বছরে আমরা প্রচুর কাজ করেছি। রাস্তাঘাট থেকে শুরু করে বিদ্যুৎ, পানীয় জলের মতো জরুরি পরিষেবা গ্রাম পঞ্চায়েত সাধারণ মানুষের কাছে পৌঁছে দিয়েছি। আমাদের উন্নয়ন দেখে বিরোধীরা মুখে কুলুপ এঁটেছে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সাধারণ মানুষ আমাদের সঙ্গেই আছেন।

পূর্বস্থলী ২ ব্লকের পারুলিয়া বাজারে বিজেপি'র প্রতিবাদসভা

নিজস্ব সংবাদদাতা,নদিয়া : বুধবার পূর্বস্থলী ২ ব্লকের পারুলিয়া বাজারে বিজেপি'র মৎস্য সেলের ডাকে এক প্রতিবাদ সভা হল। প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন মৎস্য সেলের জেলা সম্পাদক গোপাল চট্টোপাধ্যায়, ব্লক সম্পাদক মিন্টু সাহা সহ অনেকে। প্রতিবাদ সভায় বক্তারা বলেন, আগামী পঞ্চায়েত ভোট যত এগিয়ে আসছে ততই মারমুখী হয়ে উঠছেন তৃণমূলের নেতা ও কর্মীরা। তাই রাজ্যের যে কোন ঘটনার প্রতিবাদ করলেই তৃণমূলের দুষ্কৃতীরা আমাদের কর্মীদের উপর আক্রমণ চালাচ্ছেন। তৃণমূলের নেতা কর্মীরা বুঝে গেছেন আগামী পঞ্চায়েত ভোটে বিজেপি হবে আমাদের প্রধান বিরোধী শক্তি। কেন না মানুষ এখন আর সিপিএম, কংগ্রেসকে চাইছে না তাই প্রতিদিন বিজেপি'র শক্তি বৃদ্ধি পাচ্ছে। বিজেপি'র শক্তি বাড়ায় তৃণমূলের কর্মী -নেতারা ভয় পেয়ে হামলা চালাচ্ছে।

গোপাল চট্টোপাধ্যায় বলেন, রাজ্য সরকার উন্নয়নের নামে মিথ্যা কথা বলছে সাধারণের কাছে। বর্তমানে কেন্দ্রের প্রকল্পের টাকাতেই কাজে হচ্ছে। অথচ তৃণমূলের সরকার কেন্দ্রের নামে শুধুই অপপ্রচার করছে। একশো দিনের টাকা নিয়ে বহু তৃণমূলের পঞ্চায়েত বরাদ্দ কৃত অর্থ নিয়ে তছনছ করছে। অন্যায়ের প্রতিবাদ করতে গেলেই মিথ্যা মামলায় ফাঁসানোর হুমকি অথবা মারধর খেতে হচ্ছে। তৃণমূলের নেতা-কর্মীরা আজ তোলাবাজি করে ক্ষমতার অপব্যবহার করছে বলে অভিযোগ করেন নেতারা। বিজেপি'র নেতারা বলেন, এই পূর্বস্থলী ১ ও ২ ব্লক থেকেই বিজেপি'র উত্থান শুরু হবে। আগামী পঞ্চায়েত ভোটে তৃণমূলের সঙ্গে টেক্কা দিতে তৈরি হয়েছে বিজেপি। তাই ভয় দেখিয়ে থামিয়ে রাখা যাবে না। মানুষ চাইছেন, রাজ্যে বিজেপি ক্ষমতায় আসুক। তৃণমূলের সন্ত্রাস ও দুর্নীতির বিরুদ্ধে আন্দোলন চলবেই।

কংগ্রেস-তৃণমূল কর্মীদের সংঘর্ষে উত্তপ্ত বহরমপুর পুরসভা

নিজস্ব সংবাদদাতা,বহরমপুর : ডেপুটেশন দেওয়াকে কেন্দ্র করে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের মধ্যে সংঘর্ষে ধুন্ধুমার বাধল বহরমপুর পুরসভায়। সংঘর্ষের জেরে পাঁচজন আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ করে। আজ দুপুরে বেশ কয়েকটি দাবি দাওয়া নিয়ে বহরমপুর পুরসভায় মিছিল করে ডেপুটেশন দিতে যান কংগ্রেস কর্মীরা। অভিযোগ, সে সময় একটি পাল্টা মিছিল বের করে স্থানীয় তৃণমূল নেতৃত্ব। আর তার পরই দু'পক্ষের মধ্যে শুরু হয় বচসা। পরে তা হাতাহাতির রূপ নেয়। ডেপুটেশনের জন্য সেখানে আগে থেকেই পুলিশ মোতায়েন করা হয়েছিল।

কিন্তু সংঘর্ষের পরিস্থিতি তৈরি হলে সেখানে পৌঁছয় অতিরিক্ত পুলিশ ও র‍্যাফ। লাঠিচার্জ করে তারা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

মেয়র পারিষদের বিরুদ্ধে ১ কোটি টাকার মানহানি মামলা দায়ের

নিজস্ব সংবাদদাতা,বিধাননগর : মানহানি মামলার নোটিস পেলেন বিধাননগরের মেয়র পারিষদ সদস্য সুধীর সাহা। বিধাননগর পুরনিগমের এলাকায় বাল্ব লাগানোর বরাত পাওয়া সংস্থা কেরালা স্টেট ইলেক্ট্রনিক্স ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড ওরফে কেল্ট্রন নামে একটি সংস্থাকে কালো তালিকাভুক্ত করা সংক্রান্ত মামলায় বৃহস্পতিবার বিধাননগর পুরনিগমে সুধীর সাহার বিরুদ্ধে ১ কোটি টাকার মানহানি মামলা নোটিস দিলেন মামলাকারী সংস্থার আইনজীবী বিচারাধীন। যদিও বৃহস্পতিবার গুজব রটে যায় সুধীর সাহার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হয়েছে।

কাটোয়া রেলগেটের উপরে ফ্লাইওভারের দাবিতে সরব স্থানীয় বিধায়ক নিজেই

নিজস্ব সংবাদদাতা,পূর্বস্থলী : দীর্ঘদিনের দাবি ব্যান্ডেল-কাটোয়া রেলপথে কাটোয়া রেলগেটের উপরে একটি ফ্লাইওভারের। সেই দাবি আজও পূরণ হয়নি। ফ্লাইওভার না থাকায় ব্যাপক যানজট লেগেই থাকে। চরম দুর্ভোগ পোহাতে হয় যাত্রী সাধারণকে। স্থানীয় বিধায়ক রবীন্দ্রনাথ চ্যাটার্জি এবারে নিজেই সরব হয়েছেন ফ্লাইওভার করার। মঙ্গলবার বিধায়ক রবীন্দ্রনাথ চ্যাটার্জি জানিয়েছেন যে, সমস্যা এখন শুধু রেল দফতর অনুমতি দিলেই কাজটি অতি সহজে হয়ে যাবে। যখন কেন্দ্রে কংগ্রেস ক্ষমতায় ছিল সেই সময়ে আমি রেল দফতরের মন্ত্রীর সঙ্গে কথা বলেছিলাম কাজ অনেকটাই হয়েছিল কিন্তু কেন্দ্রে সরকার বদল হয়ে যাওয়ায় সেই কাজ আর এগোয়নি। তাই আমি আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছি কাটোয়ার ফ্লাইওভারটি যাতে তাড়াতাড়ি করে বাস্তবায়িত করা যায় অর্থের সমস্যা হবে না। আমি আমার বিধায়ক উন্নয়নের তহবিল থেকে টাকা দেব। কিন্তু যাত্রী সাধারণের অভিযোগ যে, বছরের পর বছর ভোট আসে কিন্তু সকলে প্রতিশ্রুতি দিয়ে থাকেন। এবারে ফ্লাইওভার তৈরির ব্যাপারে কথা হয়ে গেছে কাজ তাড়াতাড়ি হবেই। বাসস্ট্যান্ড সংলগ্ন রেল স্টেশন থাকার কারণে রেলগেটে ব্যাপক যানজট তৈরি হয়। সাধারণ মানুষ থেকে শুরু করে নিত্য যাত্রীরা চরম দুর্ভোগে পড়েন। সব থেকে অসুবিধে পড়তে হয় রোগীকে নিয়ে যদি কোন অ্যাম্বুল্যান্স নিয়ে হাসপাতালে যাওয়ার সময়ে। রেল সূত্রে জানা গেছে, পূর্ব রেলের কাটোয়া-ব্যান্ডেল শাখাতে সারদিন লোকাল এক্সপ্রেস ট্রেন চলে প্রায় ৩০ জোড়া। বারবার ট্রেনের যাতায়াতের ফলে রেলগেট বন্ধই থাকে। তাই চরম অসুবিধে পড়েন যাত্রীরা। প্রায় লক্ষাধিক মানুষের বসবাস এই কাটোয়া শহরে। এই রেলগেটটি ১৪ ও ২০ নম্বর ওয়ার্ডের মধ্যে পড়ে। শহর সংলগ্ন হাজার মানুষ এই পথেই যাতায়াত করে থাকে। সবরকম অফিস আদালত কলেজ এই শহরেই অবস্থিত। তাই বাস, নিজস্ব গাড়ি ও প্রাইভেট গাড়িতে আসতে হলে রেলগেট পেরোতে হবে। তাই ট্রেন চলাচলে রেলগেট পড়লে সময় লেগে যায় বেশি। শহরে লোক সংখ্যা ক্রমেই বাড়ছে। বাড়ছে যানবাহন ও ব্যবসা। রেলগেটের যানজট এড়াতে ফ্লাইওভারের খুব দরকার, জুঁই বিশ্বাস, শিউলি সরকার, রুমা সরকার প্রমুখ গৃহবধূ বলেন, আমাদের ছেলেমেয়েদেরকে বিদ্যালয়ে নিয়ে যেতে চরম সমস্যায় পড়ি। ট্রেনের সময়ে অনেকক্ষণ দাঁড়িয়ে থাকতে হয়। তাই কাটোয়া রেলগেটে একটি ফ্লাইওভারের দরকার আছে।

হাওড়ায় মহিলা ফুটবলার আক্রান্ত

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: তিনি বাংলা মহিলা ফুটবলের কোচ ছিলেন। বাংলার ভাল মহিলা ফুটবলার হিসাবে তাঁর খ্যাতি আছে। মহিলা ডার্বিতে প্রথম গোল ছিল তাঁরই। ফুটবল ছাড়াও মাছ বিক্রির পেশায় তিনি নিযুক্ত। বর্তমানে হাওড়ার চ্যাটার্জিহাটের একটি বাড়িতে দিদি-জামাইবাবুর সঙ্গে ভাড়া থাকতেন। তিনি চ্যাটার্জিহাট থানায় বাড়িওয়ালা ও তার স্ত্রীর নামে অভিযোগ করেছেন যে, একজন ফুটবলার হওয়া সত্ত্বেও তারা তাঁকে মেরেছে। পুলিশ জানিয়েছে, বাড়িওয়ালাও ওই ফুটবলারের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে। ভাড়া উঠে যাওয়া নিয়ে দু'পক্ষের মধ্যে গণ্ডগোল। কেউ গ্রেফতার না হলেও পুলিশ তদন্ত করছে।

ইন্দিরা আর্ট সেন্টারের এবং ডমরুজন্স অ্যাকাডেমির বার্ষিক প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : আমতলা মডেল স্কুল প্রাঙ্গণে সারাদিন ব্যাপী রবীন্দ্রনৃত্য, লোকনৃত্য, বাউল, আদিবাসী নৃত্যের উপরে এক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ইন্দিরা আর্ট সেন্টারের প্রাণপুরুষ মিলন মিয়া মিলন স্যার নামে খ্যাত এলাকায়। তাঁর এলাকার ছোট-বড় সব রকমের শিশুদের নিয়ে এই অনুষ্ঠানটি হয়। নদিয়া জেলার নারায়ণপুর, মধুপুর, মোক্তারপুর, আমতলার জাতি-ধর্ম নির্বিশেষে সকলের অংশগ্রহণ ছিল। এই প্রসঙ্গে মিলন স্যার বলেন, আগে আমাদের সকলের উচিত এলাকার ইতিহাস জানা। মিলনবাবু বলেন, নদিয়া জেলার করিমপুরের নারায়ণপুরে আমার জন্ম। অতি সাধারণ পরিবার থেকে উঠে আসা মানুষ তিনি।

আজ গ্রামে গ্রামে এই ধরনের অনুষ্ঠান করে সমাজের সচেতনতা দিয়ে থাকেন। মিলনবাবু গ্রামে গ্রামে ঘুরে বেড়িয়ে ছোট ছোট ছেলেমেয়েদের গান শেখান। তাঁর যেন এটা দায়িত্বের মধ্যে পড়ে। তিনি এই সময় বাউলের গানের সঙ্গে মিল ঘটিয়ে নতুন নৃত্য সৃষ্টি করে এলাকায় সাড়া ফেলে দিয়েছেন। তাঁকে এলাকার মানুষ সেলাম ঠুকেছেন। যেসব ঘরের ছেলেমেয়েরা গান, নাচ শিখছেন এটা তাদের কাছে খুব গর্বের বলে এলাকার মানুষজন মনে করেন। মঙ্গলবার সারারাত এই বার্ষিক অনুষ্ঠান হল।

CHANGEOFNAME

I, **MANOS ROY** (Old Name) S/O **BADAL SANTRA** Resident of Vill. Goghat (Dighirpar) P.O. & P.S.Goghat Dist. Hooghly, W.B. shall henceforth be known as **MANOS SANTRA** (New Name) vide an affidavit sworn before the Court of the Executive Magistrate, Arambagh, Hooghly on 12th August, 2016

আজ ৩১শে মার্চ শুক্রবার
বিনোদিনী নাট্যমন্দিরে (ডানকুনি) সন্ধে ৬.৩০

চণ্ডীতলা প্রম্পটারের
নবতম প্রযোজনা
চণ্ডালিকা

কাহিনি: রবীন্দ্রনাথ ঠাকুর
নাট্যরূপ: প্রদীপ রায়
কোরিওগ্রাফি ও নির্দেশনা: প্রিয়াংকা রায়
সহনির্দেশনা: দেবস্মিতা ঘোষ
আবহ: অয়ন রায়
মঞ্চ: চঞ্চল আচার্য
আলো: চন্দন হালদার
রূপসজ্জা: রবিদা

যোগাযোগ প্রদীপ রায়: ৭৯৮০৩৮৬৫৩০

I Nikhil Rathi S/O Purshotam Das Rathi R/O 13 KYD Street Kolkata - 700016, have changed my name from Nikhil Rathi to Shubham Rathi vide affidavit No - 08AB-251846 dated - 29/03/2017 before Metropolitan Magistrate at Kolkata.

I Roshni Rathi D/O Purshotam Das Rathi R/O 13 KYD Street Kolkata -700016, have changed my name from Roshni Rathi to Disha Rathi vide affidavit No-08AB-275550 dated-29/03/2017 before Metropolitan Magistrate at Kolkata.